কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৭.২২.০০১.১৮- ২৪০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫
৩১ মে ২০১৮

বিষয় : 'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮' এর উপর মতামত প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। "কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮" গত ২১ জানুয়ারি ২০১৮ তারিখে মহান জাতীয় সংসদে পাশ হয়েছে এবং গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত আইনের আলোকে **'কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮'** প্রণয়নের লক্ষ্যে খসড়া বিধিমালা প্রস্তুত করা হয়েছে যা মতামত/পরামর্শের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moa.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রস্তুতকৃত খসড়া বিধিমালার ওপর সর্বসাধারণের লিখিত মতামত/সুপারিশসহ (যদি থাকে) ১০ জুন ২০১৮ তারিখের মধ্যে ই-মেইল ঠিকানা: dsinput1@moa.gov.bd তে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক-খসড়া বিধিমালার কপি।

৩১.০৫.১৮

(মোর্শেদা আক্তার)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪১৪
ই-মেইল:dsinput1@moa.gov.bd

সহকারী প্রোগ্রামার
আইসটি সেল
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা (খসড়া বিধিমালাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

০১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
০৩। যুগ্মসচিব (উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: .... বঙ্গাব্দ/ .... খ্রিস্টাব্দ

এস, আর, ও নং --------- আইন/ ২০১৮।- কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮ (২০১৮ সালের ০৫ নম্বর আইন) এর ধারা ১২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা : -

১। সংক্ষিপ্ত শিরোনাম: এই বিধিমালা "কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৮" নামে অভিহিত হইবে।
২। সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-
ক) "অগভীর নলকূপ (shallow tube well)" অর্থ আইনের ধারা ২ এ সংজ্ঞায়িত অগভীর নলকূপ;
খ) "আইন" অর্থ কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন' ২০১৮;
গ) "উপদেষ্টা" অর্থ উপজেলা সেচ কমিটির উপদেষ্টা;
ঘ) " পরিষদ" অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর অধীন স্থাপিত উপজেলা পরিষদ;
ঙ) "কর্তৃপক্ষ" অর্থ সংশ্লিষ্ট উপজেলা পরিষদ;
চ) "কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত উপজেলা সেচ কমিটি;
ছ) "গভীর নলকূপ (deep tube well)" অর্থ আইনের ধারা ২ এ সংজ্ঞায়িত গভীর নলকূপ;
জ) "চেয়ারম্যান" অর্থ সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান;
ঝ) "তফশিল" অর্থ বিধিমালার সহিত সংযুক্ত তফশিল;
ঞ) "ডিপসেট হস্তচালিত পাম্প (deepset hand tube well)" অর্থ পানি উত্তোলন কাজে ব্যবহৃত হস্তচালিত নলকূপ যাহা ভূপৃষ্ঠ হইতে ভূজলের উপরি লেভেল (water table) পর্যন্ত ৮ (আট) মিটারের অধিক গভীর হইতে পানি উত্তোলন করিতে সক্ষম;
ট) "ধারা" অর্থ আইনের কোন ধারা;
ঠ) "নলকূপ" অর্থ আইনের ধারা ২ এ সংজ্ঞায়িত নলকূপ;
ড) "পানি ধারক স্তর (aquifer)" অর্থ আইনের ধারা ২ এ সংজ্ঞায়িত নলকূপ;
ঢ) "বিদ্যমান নলকূপ" অর্থ আইন প্রবর্তনের তারিখের পূর্বে হইতে বিদ্যমান আছে এমন নলকূপ;
ণ) "বিএমডিএ" অর্থ বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ;
ত) "বিএডিসি" অর্থ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন;
থ) "লাইসেন্স" অর্থ আইন এর ধারা ৫ এর অধীন প্রদত্ত লাইসেন্স;
দ) "সভাপতি" অর্থ উপজেলা সেচ কমিটির সভাপতি;
ধ) "সদস্য সচিব" অর্থ উপজেলা সেচ কমিটির সদস্য সচিব।
৩। উপজেলা সেচ কমিটি: নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে উপজেলা সেচ কমিটি গঠিত হইবে:

১। উপজেলা পরিষদ চেয়ারম্যান	উপদেষ্টা
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
৩। উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
৪। উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য

৬। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি	সদস্য
৮। পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি	সদস্য
৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১০। পিডিবি/আরইবি'র প্রতিনিধি	সদস্য
১১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি	সদস্য
১২। সহকারী প্রকৌশলী, বিএমডিএ (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
১৩। পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
১৪। উপজেলা সমবায় কর্মকর্তা	সদস্য
১৫। কৃষক সংগঠন প্রতিনিধি-১ জন (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)	সদস্য
১৬। সহকারী প্রকৌশলী, বিএডিসি/বিএমডিএ	সদস্য সচিব

কার্যপরিধি: কমিটি বিধি ৫, ৬ ও ৭ এ বর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে। কমিটি প্রয়োজনবোধে অনধিক ০২(দুই) জন সদস্যকে কমিটিতে কো-অপট করিতে পারিবে।

৪। নলকূপের জন্য দরখাস্ত:

(১) একটি গভীর নলকূপ অথবা অগভীর নলকূপের লাইসেন্স প্রাপ্তির জন্য ধারা ৫(২) এর অধীন কৃষি কাজে নলকূপ ব্যবহারের ক্ষেত্রে আবেদনের উদ্দেশ্যে, তফশিল-২ এর ফরম 'ক' তে উপজেলা পরিষদের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(২) ব্যবহারের উদ্দেশ্য নির্বিশেষে উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করিতে হইবে; যথা:-

(ক) নিম্নোক্ত বিষয়গুলি দেখাইয়া সংশ্লিষ্ট মৌজা বা ক্ষেত্রমত, মৌজাসমূহের খসড়া নকসার দুইটি অনুলিপি:

(অ) নলকূপ খনন স্থানের পাশ্ববর্তী এলাকায় নদী, খাল ও বিলের অবস্থান;

(আ) প্রস্তাবিত নলকূপের কমান্ড এরিয়ার চার পার্শ্বে অবস্থিত (গভীর বা অগভীর) নলকূপের অবস্থান;

(ই) নলকূপ খননের প্রস্তাবিত স্থানের সুনির্দিষ্ট অবস্থান;

(ঈ) প্রস্তাবিত নলকূপে সেচ কার্যে ব্যবহারের ক্ষেত্রে প্রস্তাবিত সেচ এলাকা;

(খ) সদস্য সচিব কর্তৃক নির্দেশিত হিসাবের খাতে নিম্নোক্ত পরিমাণ অফেরতযোগ্য ফি জমাদানের রশিদ:

(অ) গভীর নলকূপ: ২ কিউসেক এর জন্য ৫০০ টাকা;
১.৫ কিউসেক এর জন্য ৪০০ টাকা;
১ কিউসেক এর জন্য ৩০০ টাকা;
০.৫ কিউসেক এর জন্য ২০০ টাকা।

(আ) অগভীর নলকূপ: ২০০.০০ টাকা।

(৩) একাধিক ব্যক্তি যৌথভাবে/সমিতির মাধ্যমে কৃষি কাজে নলকূপ ব্যবহার করিতে চাহিলে তাহারা তাহাদের মধ্য হইতে একজনকে এই বিধির অধীন কোন আবেদনপত্র দাখিলের উদ্দেশ্যে, আবেদন করিবার কর্তৃত্ব অর্পণ করিবেন এবং আবেদনপত্রের সহিত কর্তৃত্ব অর্পণের একটি প্রমাণপত্র দাখিল করিবেন।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত ফরম বিনামূল্যে সদস্য সচিবের নিকট পাওয়া যাইবে অথবা বিএডিসি/বিএমডিএ এর ওয়েবসাইট হইতে ডাউনলোড করে /ফটোকপিকৃত ফরমেও আবেদন করা যাইবে।

(৫) সাকসান লিফট হস্তচালিত পাম্প বা ডিপসেট হস্তচালিত পাম্পের লাইসেন্সের জন্য উক্ত নলকূপ ব্যবহারের উদ্দেশ্য এবং প্রস্তাবিত খনন স্থানের পূর্ণ বিবরণসহ আবেদন করিতে হইবে। এক্ষেত্রে কোন ফি প্রযোজ্য হইবে না।

৫। আবেদনপত্র প্রাপ্তির পর অনুসৃতব্য নিয়মাবলী:

(১) প্রাপ্ত আবেদন বিবেচনার নিমিত্ত উপজেলা সেচ কমিটির সভাপতি উপজেলা পরিষদের অনুমোদন গ্রহণ করিবেন;

(২) বিধি ৪ (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের ব্যাপারে স্থানীয়ভাবে তদন্তের উদ্দেশ্যে, সভাপতি আবেদনপত্রটি, উহা দাখিলের এক সপ্তাহের মধ্যে সদস্য সচিবসহ কমিটির এক বা একাধিক সদস্যের সমন্বয়ে একটি উপ কমিটি গঠন করিবেন।

(৩) উপ কমিটি তদন্ত অনুষ্ঠানের ব্যাপারে আবেদনকারীকে অবহিত করিয়া স্থানীয়ভাবে তদন্ত করিবে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাদি সম্পর্কে সন্তুষ্ট হইলে নিম্নোক্ত বিষয়াবলির আলোকে আবেদনপত্রটি বিবেচনা করিবে যথা:

(ক) নলকূপ খনন স্থানের ভূগর্ভস্থ মৃত্তিকা স্তরের অবস্থা;

(খ) নিকটস্থ অন্যান্য নলকূপের দুরত্ব;

(গ) নলকূপ স্থাপনের ফলে সম্ভাব্য উপকৃত এলাকার পরিমাণ;

(ঘ) গার্হস্থ্য উদ্দেশ্যে ব্যবহৃত নলকূপসহ নিকটস্থ অন্যান্য নলকূপের উপর সম্ভাব্য প্রভাব;

(ঙ) তফসিল-১ এ বর্ণিত শর্তাবলীর আলোকে নলকূপ খনন স্থানের উপযুক্ততা।

(৪) উপ কমিটি তৎকর্তৃক স্থানীয় তদন্ত সম্পাদনের নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে দুই সপ্তাহের মধ্যে উপ-বিধি (৩) এ উল্লেখিত প্রতিটি বিষয়ের ওপর সুনির্দিষ্ট মন্তব্য ও সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন উপজেলা সেচ কমিটির নিকট দাখিল করিবে।

(৫) উপ কমিটি কোন লাইসেন্স প্রদানের সুপারিশ করিলে যে সকল শর্তাধীনে উহা প্রদান করা উচিত তাহাও প্রতিবেদনে উল্লেখ করিবে।

(৬) উপজেলা সেচ কমিটি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরিষদে দাখিলের ব্যবস্থা গ্রহণ করিবে;

(৭) বিধি ৪ (৫) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কোন তদন্তের প্রয়োজন হইবে না এবং এইরুপ আবেদনপত্র উহা দাখিলের পর পরিষদের অব্যবহিত পরবর্তী সভায় বিবেচনার জন্য পেশ করিতে হইবে।

৬। নলকূপের আওতাধীন ন্যূনতম এলাকা: কৃষি কাজে ব্যবহার্য কোন নলকূপের প্রস্তাবিত সেচ এলাকার পরিমাণ নিম্নবর্ণিত পরিমাণ অপেক্ষা কম হইলে কমিটি সংশ্লিষ্ট আবেদনপত্র অনুমোদনের সুপারিশ করিবে না। যথা:-

(ক) গভীর নলকূপ:	২ কিউসেক-২৪ হেক্টর;
	১.৫ কিউসেক-১৮ হেক্টর;
	১ কিউসেক-১২ হেক্টর;
	০.৫ কিউসেক-৬ হেক্টর।
(খ) অগভীর নলকূপ:	৬ হেক্টর।

৭। লাইসেন্স প্রদান:

(১) বিধি ৪ এর অধীন দাখিলকৃত কোন আবেদনপত্র ও তৎসম্পর্কে বিধি ৫ এর অধীন তদন্ত প্রতিবেদন বিবেচনান্তে পরিষদ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে;

(ক) আবেদনকৃত নলকূপটি স্থাপনের ফলে সংশ্লিষ্ট এলাকা উপকৃত হইবে;

(খ) নলকূপটি স্থাপনের ফলে পার্শ্ববর্তী এলাকায় কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হইবে না; এবং

(গ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়দৃষ্টে নলকূপটি স্থাপনযোগ্য:

তাহা হইলে উহা স্থাপনের জন্য লাইসেন্স প্রদান করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে, সদস্য সচিব কর্তৃক নির্দেশিত হিসাবের খাতে নিম্নে উল্লেখিত হারে ফি জমা পাইবার পর সদস্য সচিব স্বাক্ষরিত ফরম 'খ' তে লাইসেন্স প্রদান করিবেন:

(ক) গভীর নলকূপ	৩০০০.০০ টাকা
(খ) অগভীর নলকূপ	১০০০.০০ টাকা
(গ) সাকসান লিফট/ডিপসেট হস্তচালিত পাম্প	-

৮। লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যান:

(১) বিধি ৪ এর অধীন কোন আবেদনপত্র বিবেচনান্তে পরিষদ যদি এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে যে, জনস্বার্থে বা অন্যবিধ কারণে প্রার্থীত লাইসেন্স প্রদান করা সঙ্গত হইবে না তাহা হইলে উহা এইরূপ সিদ্ধান্ত গ্রহণের যৌক্তিকতা লিপিবদ্ধ করিয়া উক্ত আবেদন প্রত্যাখ্যান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রত্যাখানের কারণে পুনরায় আবেদনপত্র দাখিল করিবার জন্য সংশ্লিষ্ট আবেদনকারীর অধিকার ক্ষুণ্ণ হইবে না।

৯। পুন:বিবেচনা:

(১) পরিষদ কর্তৃক বিধি ৮ এর অধীন গৃহীত সিদ্ধান্তের ফলে সংক্ষুব্ধ কোন ব্যক্তি উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য ৩০ দিনের মধ্যে সভাপতির নিকট লিখিতভাবে আবেদন করিতে পারিবেন।

(২) যে সকল বিষয় কমিটি কর্তৃক বিবেচিত হওয়া উচিৎ ছিল অথচ যাহা তৎকর্তৃক বিবেচিত হয় নাই এবং অন্যান্য বিষয়াদি যাহার ভিত্তিতে লাইসেন্স প্রদান করা যায় বলিয়া আবেদনকারী মনে করেন তিনি সেই সকল বিষয় সংক্ষিপ্তভাবে উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রে উল্লেখ করিবেন।

(৩) সদস্য সচিব কর্তৃক নির্দেশিত হিসাবের খাতে বিধি ৪ (২) (খ) তে নির্ধারিত ফি রশিদসহ আবেদন করা না হইলে কমিটি উপ-বিধি (১) এর অধীন কোন আবেদনপত্র বিবেচনা করিবে না।

(৪) এই বিধির অধীনে কোন আবেদনপত্রের ব্যাপারে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হইবে এবং তৎসম্পর্কে অন্য কোন কর্তৃপক্ষের নিকটে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবেনা।

১০। লাইসেন্সের মেয়াদ ইত্যাদি:

(১) বিধি ৭ এর অধীন প্রদত্ত কোন লাইসেন্স উহার মেয়াদ অতিক্রান্ত হইবার পূর্বেই বাতিল করা না হইলে উহা প্রদান অথবা ক্ষেত্রমত নবায়নের তারিখ হইতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে তিন বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে যথা:

(ক) যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদান করা হইয়াছে কেবলমাত্র সে উদ্দেশ্যেই নলকূপ ব্যবহার করিতে পারিবে;

(খ) নলকূপ স্থাপনের ৭ দিনের মধ্যে স্থাপনের তারিখ কমিটিকে অবহিত করিতে হইবে;

(গ) কমিটির পূর্বানুমতি ব্যতিরেকে নলকূপের স্থান পরিবর্তন বা অন্য কোনভাবে উহা স্থানান্তর করা যাইবেনা।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত শর্তাবলী লাইসেন্স এ লিপিবদ্ধ করিতে হইবে।

১১। লাইসেন্স নবায়ন:

(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হওয়ার কমপক্ষে ৩০ দিন পূর্বে তফশিল-২ এর ফরম 'গ'তে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে; এবং উহার সহিত বিধি ৪ (২) 'খ'-এ বর্ণিত নির্ধারিত ফি জমা দিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুসারে লাইসেন্স নবায়নের আবেদনপত্র দাখিল করিতে বিলম্ব হইলে, বিলম্বের জন্য জরিমানা স্বরূপ গভীর নলকূপের ক্ষেত্রে ৫০০.০০ টাকা এবং অগভীর নলকূপের ক্ষেত্রে ২৫০.০০ টাকা অতিরিক্ত বিলম্ব ফি হিসেবে জমা দিতে হইবে, অন্যথায় এইরূপ আবেদনপত্র গ্রহণযোগ্য হইবেনা। উক্ত বিলম্বের সময়সীমা হইবে লাইসেন্স এর মেয়াদ উর্ত্তীণের তারিখ হইতে পরবর্তী ০১ (এক) বছর। মেয়াদ উর্ত্তীণের ০১(এক) বছরের মধ্যে নবায়নের জন্য আবেদন করা না হইলে নতুন করে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) এই বিধির অধীনে আবেদনপত্র দাখিলের পর কোন লাইসেন্স নবায়নের বা অন্যবিধ সিদ্ধান্ত প্রদান না করা পর্যন্ত নলকূপটি চালু রাখা যাইবে।

১২। বিদ্যমান নলকূপ:

(১) বিদ্যমান নলকূপের লাইসেন্সের জন্য উহার মালিক বা ক্ষেত্রমত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি বিধি প্রবর্তনের তারিখ হইতে ১ বছর অতিক্রান্ত হইবার পূর্বেই উক্ত নলকূপের অবস্থান ও নলকূপ সম্পর্কিত অন্যান্য তথ্যাদি উল্লেখ পূর্বক তফশিল-২ এর ফরম "ঘ" তে আবেদন করিবেন । তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকিলে উহা উপস্থাপন করিবার জন্য সদস্য সচিব আবেদনকারীকে নির্দেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত বিধি ৪ (২) 'খ' তে নির্ধারিত ফি জমা দিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর পরিষদের সিদ্ধান্ত সাপেক্ষে সদস্য সচিব বিধি ৭ (২) এর বিধানুসারে বিদ্যমান নলকূপের লাইসেন্স প্রদান করিবে।

১৩। লাইসেন্স স্থগিতকরণ:

(১) যদি কোন ব্যক্তি লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করেন তাহা হইলে উপজেলা সেচ কমিটি, লিখিত আদেশ দ্বারা , কারণ উল্লেখপূর্বক, নির্ধারিত পদ্ধতি ও শর্তে, উক্ত ব্যক্তির লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করিতে পারিবে এবং উহা অনুমোদনের জন্য অবিলম্বে উপজেলা পরিষদের নিকট প্রেরণ করিবে।

(২) উপজেলা পরিষদ লাইসেন্স স্থগিতকরণের যৌক্তিক ও যথেষ্ট কারণ বিদ্যমান রহিয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্ত স্থগিতকরণের আদেশ অনুমোদন করিবে অথবা উক্ত লাইসেন্স স্থগিতকরণের যৌক্তিক ও যথেষ্ট কারণ বিদ্যমান না থাকিলে উহা বাতিল করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ লাইসেন্স গ্রহীতাকে শুনানির জন্য যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত কোন লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করিবে না।

(৩) উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স স্থগিতকরণের কার্যকারিতা ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত বহাল থাকিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন উপজেলা পরিষদ কর্তৃক কোন লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃপক্ষের নিকট ৩০ দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে এবং উক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। লাইসেন্স বাতিলকরণ:

(১) কোন লাইসেন্সের কোন শর্ত লংঘনের ব্যাপারে কমিটি কোন তথ্য পাইলে উহা অবিলম্বে তৎসম্পর্কে তদন্ত করিয়া সভাপতির নিকট একটি প্রতিবেদন পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পেশকৃত প্রতিবেদন প্রাপ্তির পর সভাপতি প্রয়োজন মনে করিলে লাইসেন্সধারীকে কেন তাহার লাইসেন্স বাতিল করা হইবে না এই মর্মে একটি কারণ দর্শানোর নোটিশ প্রদান করিবে। উক্ত নোটিশে লাইসেন্স বাতিলের জন্য তাহার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের জবাব দাখিলের সময়সীমা এবং লাইসেন্সধারী এইরূপ অভিযোগ সম্পর্কে তাহার বক্তব্য ব্যক্তিগতভাবে উপস্থাপন করিতে চাহেন কিনা তাহাও উল্লেখ করিতে হইবে।

(৩) লাইসেন্সধারী কর্তৃক প্রদত্ত লিখিত ব্যক্তিগত অথবা উভয়বিধ বক্তব্য বিবেচনার পর সভাপতি, পরিষদের অনুমোদনক্রমে সদস্য সচিবকে লাইসেন্স বাতিল করিবার জন্য অনুরোধ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন উপজেলা পরিষদ কর্তৃক কোন লাইসেন্স স্থগিতকরণের আদেশ অনুমোদন করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি কর্তৃপক্ষের নিকট ৩০ দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে এবং উক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৫। অর্থ ব্যবস্থাপনা: আইনে উল্লেখিত যাবতীয় প্রাপ্ত অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও প্রাপ্তির বিষয়ে নিম্নোক্ত উপ-বিধি প্রযোজ্য হইবে;

(১) সদস্য সচিবের স্বাক্ষরে প্রতিটি উপজেলায় একটি হিসাব খুলিতে হইবে;

(২) প্রাপ্ত অর্থের ১০০% সদস্য সচিবের সংস্থার হিসাবে জমা করিতে হইবে এবং উক্ত অর্থ সংস্থার আয় হিসাবে প্রধান কার্যালয়ের নির্ধারিত হিসাবে প্রেরণ করিতে হইবে;

(৩) সদস্য সচিবের সংস্থা হইতে প্রয়োজনীয় ফরম মুদ্রণ ও সরবরাহ করা হইবে।

১৬। রহিতকরণ ও হেফাজত:

(১) এই বিধিমালা কার্যকর হইবার সংগে সংগে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ১৯৮৭, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত হইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালা এর অধীন,-

(ক) কৃত সকল কার্যক্রম ও গৃহীত কোনো ব্যবস্থা বা সূচীত কোনো কার্যধারা এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা সূচীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) প্রণীত বিধিমালা, জারীকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো আদেশ, প্রত্যয়নপত্র এবং ইস্যুকৃত কোনো লাইসেন্স, সনদপত্র উক্তরূপ রহিত হওয়ার অব্যবহিত পূর্বে কার্যকর থাকিলে, উহা এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন প্রণীত, জারীকৃত, প্রদত্ত এবং ইস্যুকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফশিল-১
(বিধি ৫ (২) "ঙ" দ্রষ্টব্য)
(নলকূপ খননের স্থান নির্বাচনের শর্তাবলি)

১। মৃত্তিকা: বোরো, গম, ভূট্টা ও শাকসব্জি চাষের উপযোগী মৃত্তিকা বিশিষ্ট জমিকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

২। স্থায়ী নদী হইতে দুরত্ব: সর্বদা প্রবাহমান নদী হইতে নলকূপ খননের স্থান অন্তত ২.০ কি.মি. দূরে অবস্থিত হইবে।

৩। ভূ-প্রকৃতি: নলকূপ খননের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে নলকূপের প্লাটফরমটি বন্যার সময় পানির সচরাচর সর্বোচ্চ স্তর অপেক্ষা উঁচু স্থানে থাকে।

৪। সেচের পানি বন্টন: নলকূপ খননের স্থানটি এইরূপে নির্বাচিত হইবে যাহাতে সেটের পানি অন্তত দুই দিকে বিতরণ করা যায়।

৫। দুইটি নলকূপের পারস্পরিক দূরত্ব নিম্নরূপ হইবে, যথা:

ক্যাপাসিটি	২ কিউ:	১.৫ কিউ:	১ কিউ	.৫ কিউ
২ কিউ:	৮০০ মি:	৬৯০ মি:	৬০০ মি:	৫০০ মি:
১.৫ কিউ:	৬৯০ মি:	৬৩০ মি:	৫৪০ মি:	৪১৫ মি:
১ কিউ	৬০০ মি:	৫৪০ মি:	৪৫০ মি:	৩৫০ মি:
০.৫ কিউ	৫০০ মি:	৪১৫ মি:	৩৫০ মি:	২৫০ মি:

তফশিল-২

ফরম-ক

(বিধি ৪ (১) দ্রষ্টব্য)

(গভীর নলকূপ অথবা অগভীর নলকূপের জন্য আবেদনপত্র)

সভাপতি
উপজেলা সেচ কমিটি ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা -------------------।

(শুধুমাত্র অফিসের কাজে ব্যবহার্য)
ক্রমিক নং . . . . গভীর/ অগভীর নলকূপ
(সাইজ. . . . .)
দরখাস্ত গ্রহণের তারিখ. . . . .
স্বাক্ষর . . . .
(বিঃদ্রঃ প্রার্থীত নলকূপের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করিতে হইবে)

১। আবেদনকারীর নাম . . . .

(ক) আবেদনকারী একক ব্যক্তি হইলে তাহার নাম . . . .

(খ) আবেদনকারী সমবায় সমিতি হইলে –

(অ) সমিতির নাম ও রেজিস্ট্রেশন নম্বর . . . .

(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম . . . .

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)।

(গ) আবেদনকারী একটি গোষ্ঠি হইলে

(অ) গোষ্ঠির নাম . . . .

(খ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম . . . .

(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)।

২। আবেদনকারীর ঠিকানা . . . .

৩। প্রার্থীত নলকূপের শ্রেণি . . . .

৪। নলকূপের দ্বারা সম্ভাব্য উপকৃত এলাকা এবং তথ্যাদি।

(ক্রমিক নং ৪ এর বিপরীতে তথ্যাদি প্রদানের জন্য প্রয়োজনবোধে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইতে পারে)।

৫। নলকূপ স্থাপনের প্রস্তাবিত স্থান . . . .

(মৌজার নাম, জে, এল, নম্বর, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে।)

৬। প্রস্তাবিত স্থান হইতে নিকটবর্তী গভীর/ অগভীর নলকূপের দুরত্ব এবং জানা থাকলে উক্ত নলকূপের অন্যান্য তথ্যাদি. . . . .

৭। লাইসেন্স প্রদানের জন্য কোন বিশেষ বিবেচনা, যদি থাকে. . . . .

৮। দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

(১)
(২)
(৩)
(৪)
(৫)
(৬)

তারিখ . . . . আবেদনকারীর স্বাক্ষর

ফরম- খ
(বিধি ৭ (২) দ্রষ্টব্য)
(নলকূপের লাইসেন্স ফরম)

উপজেলা . . . . তারিখ. . . . .

লাইসেন্স নং . . . . নলকূপের শ্রেণি. . . . .

সাইজ. . . . . জনাব/জনাবা . . . .

সমবায় সমিতির পক্ষে জনাব/জনাবা. . . . . পিতা . . . .

গ্রাম . . . . ইউনিয়ন পরিষদ. . . . .

ডাকঘর. . . . . , মৌজা . . . . জে, এল নং . . . .

. . . . এর খতিয়ান নং. . . . . দাগ নং . . . .

. . . . তে নিম্নোক্ত শর্তে নলকূপ স্থাপনের জন্য লাইসেন্স অনুমোদন করা হইল:

(১) নলকূপটি সেচ কাজে / গার্হস্থ্য কাজে / . . . . কাজে (অপ্রযোজ্যটি কর্তন করিতে হইবে) ছাড়া অন্য কাজে ব্যবহার করা যাইবে না।

(২) নলকূপ স্থাপনের ৭ দিনের মধ্যে স্থাপনের তারিখ কমিটিকে জানাইতে হইবে।

(৩) সেচ কমিটির অনুমতি ব্যতিরেকে নলকূপের স্থান পরিবর্তন বা অন্য কোন ভাবে উহা স্থানান্তর করা যাইবে না।

(৪) এই লাইসেন্সের মেয়াদ----------------তারিখ হতে----------------------তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

(স্বাক্ষর)

সদস্য সচিব
উপজেলা সেচ কমিটি।

নবায়ন

নবায়নের স্থিতিকাল	স্বাক্ষর ও তারিখ (সীলসহ)

ফরম- গ

(বিধি ১১ (১) দ্রষ্টব্য)

(নলকূপের লাইসেন্স নবায়নের আবেদনপত্রের ফরম)

সভাপতি
উপজেলা সেচ কমিটি ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা -------------------।

লাইসেন্স নং .... তারিখ ....

১। আবেদনকারীর নাম...

২। নলকূপের শ্রেণি..

৩। নলকূপের অবস্থান...
....

৪। কোন সময় লাইসেন্স স্থগিত করা হইয়া থাকিলে, সংক্ষেপে সংশ্লিষ্ট তথ্য...........................

৪। বিগত মৌসুমে নলকূপের দ্বারা উপকৃত এলাকার বিবরণ...
....

৫। বিগত মৌসুমে নলকূপ অব্যবহৃত থাকিলে উহার মেয়াদ ও কারণ......................................

৬। জমাকৃত ফি'র বিবরণ..
....

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

ফরম-ঘ

(বিদ্যমান নলকূপ এর লাইসেন্সের জন্য আবেদন)

(বিধি ১২ (১) দ্রষ্টব্য)

(গভীর নলকূপ অথবা অগভীর নলকূপের জন্য আবেদনপত্র)

সভাপতি
উপজেলা সেচ কমিটি ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা . . . .

(শুধুমাত্র অফিসের কাজে ব্যবহার্য)
ক্রমিক নং . . . . গভীর/ অগভীর নলকূপ
(সাইজ. . . . .)
দরখাস্ত গ্রহণের তারিখ. . . . .
স্বাক্ষর . . . .
(বিঃদ্রঃ প্রার্থীত নলকূপের বিপরীতে টিক চিহ্ন (√) প্রদান করিতে হইবে)

১। আবেদনকারীর নাম . . . .
(ক) আবেদনকারী একক ব্যক্তি হইলে তাহার নাম . . . .
(খ) আবেদনকারী সমবায় সমিতি হইলে –
(অ) সমিতির নাম ও রেজিষ্ট্রেশন নম্বর . . . .
(আ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম . . . .
(ই) আবাদী এলাকা. . . . .
(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)।
(গ) আবেদনকারী একটি গোষ্ঠি হইলে
(অ) গোষ্ঠির নাম . . . .
(খ) আবেদন করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম . . . .
(ই) আবাদী এলাকা. . . . .
(প্রতিনিধিত্ব করিবার ক্ষমতাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে)।

২। আবেদনকারীর ঠিকানা . . . .
৩। প্রার্থীত নলকূপের শ্রেণি . . . .
৪। নলকূপের দ্বারা সম্ভাব্য উপকৃত এলাকা এবং তথ্যাদি. . . . .
৫। বিদ্যমান নলকূপের অবস্থানের বিবরণ (গভীর বা অগভীর). . . . .
৬। জমাকৃত ফি'র বিবরণ. . . . .
৭। দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

(১)
(২)
(৩)
(৪)
(৫)
(৬)

তারিখ . . . . আবেদনকরীর স্বাক্ষর